দর্শনায় শ্রমিক অধিকার প্রতিষ্ঠায় ইসলামী শ্রমিক সমাবেশে জেলা আমীর রুহুল আমিন

দর্শনায় শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় ইসলামী শ্রমনীতি প্রতিষ্ঠায় বাংলাদেশ শ্রমিক কল্যান ফেডারেশনের দর্শনা শাখার উদ্যোগে শ্রমিক অধিকার ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল ৩ টায় দর্শনা রেল বাজার মুক্তমঞ্চে শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় এ সমাবেশ অনুষ্টিত হয়।

এ শ্রমনীতি সমাবেশে বাংলাদেশ শ্রমিক ফেডারেশনের দর্শনা থানা শাখার সভাপতি বিল্লাল হুসাইনের সভাপতিত্বে এ শ্রমিকনীতি সভা অনুষ্টিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় মজলিসের সুরা সদস্য ও চুয়াডাঙ্গা জেলা শাখার বাংলাদেশ জামাতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার আমীর মোঃ রুহুল আমীন।

এ সময় তিনি বলেন,ইসলামী আইনে শ্রমজীবী মানুষের অধিকার ফিরিয়ে আনবো। যারা দিনরাত পরিশ্রম করে ন্যায্য মূল্য পায়না তাদের অধিকার ফিরিয়ে আনতে হবে।আমাদের বাংলাদেশ কৃষি দেশ আমাদের পা ফটা মানুষের কথা চিন্তা করে শ্রমিকদের অধিকার ফিরিয়ে আনতে চাই। বাংলাদেশ জামাতে ইসলামী পা ফাটা শ্রমিকদের নিয়ে এগিয়ে যেতে চাই। আমরা ১৭ বছর কথা বলতে পারেনী জেল জুলুম খেটেই আমাদের দিন গিয়েছে।তাই সারাবাংলাদেশে জামাত ইসলামী শ্রমজীবী ফেডারেশন তৈরি করে মানুষের অধিকার ফিরিয়ে আনতে চাই।

এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, চুয়াডাঙ্গা জেলা শাখার জেলা সভাপতি ইসরাইল হোসাইন, জেলা শাখার সেক্রেটারি মাহফুজুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শাখার নায়েবী আমির ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান , দর্শনা থানা আমির রেজাউল করিম, জেলা অর্থ সেক্রেটারি আব্দুস সালাম,মাওলানা আবু জার গিফারী প্রমুখ।

এ সমাবেশে প্রায় দুই হাজার কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি

পরিচালনা করেন,সাবেক শিবির নেতা তানজিল হোসেন।